



## আর্জেন্টিনাকে হারিয়ে ফিফা অনূর্ধ্ব-২০ বিশ্বকাপ জিতল মরক্কো



সংগৃহীত ছবি

আর্জেন্টিনাকে ২-০ গোলে হারিয়ে প্রথমবারের মতো ফিফা অনূর্ধ্ব-২০ বিশ্বকাপের ট্রফি উঁচিয়ে ধরল মরক্কো। সোমবার (২০ অক্টোবর) সান্তিয়াগোর এস্তাদিও ন্যাসিওনাল জুলিও মার্টিনেজে অনুষ্ঠিত ফাইনালে আফ্রিকার এই নবীন শক্তিকে জয়ের পথে নেতৃত্ব দেন ইয়াসির জাবিরি, করেন জোড়া গোল। ম্যাচের শুরু থেকেই দ্রুত হুদে ছিল মরক্কো। ১২তম মিনিটে জাবিরির নিখুঁত শটে লিড নেয় দলটি। এরপর ২৯তম মিনিটে আবারও জালে বল জড়ান প্রিমেরা লিগে খেলা এই তরুণ উইঙ্গার। প্রথমার্ধ শেষে ২-০ গোল ব্যবধানে এগিয়ে থেকে আত্মবিশ্বাসের সঙ্গে বিরতিতে যায় মরক্কো।

দ্বিতীয়ার্ধে ম্যাচে ফিরতে মরিয়া হয়ে ওঠে আর্জেন্টিনা। একের পর এক আক্রমণ চালালেও মরক্কোর শক্ত রক্ষণভাগ আর গোলরক্ষকের অসাধারণ পারফরম্যান্সে ব্যর্থ হয় লাতিন পরাশক্তি। শেষ পর্যন্ত নির্ধারিত সময় শেষে জয় নিশ্চিত করে ফুটবল ইতিহাসে নতুন অধ্যায় রচনা করে মরক্কো। এই জয় মরক্কোর ফুটবলে এক ঐতিহাসিক মুহূর্ত—অনূর্ধ্ব-২০ বিশ্বকাপে তাদের এটাই প্রথম শিরোপা।

পুরো টুর্নামেন্টজুড়ে অনবদ্য পারফরম্যান্সে আলো ছড়িয়েছেন ইয়াসির জাবিরি। ফাইনালে জোড়া গোলসহ তাঁর মোট গোল সংখ্যা ৫। যৌথভাবে সর্বোচ্চ গোলদাতা হয়েও গোল্ডেন বুট না জিতলেও পান ‘সিলভার বল’। মরক্কোর ওখমান মামা জেতেন ‘গোল্ডেন বল’, আর ফাইনালের আগ পর্যন্ত কোনো গোল না খাওয়া আর্জেন্টিনার সান্তিনো বার্বি পান ‘গোল্ডেন গ্লাভস’। ডিয়েগো ম্যারাদোনা, লিওনেল মেসি, পল পগবা ও আর্লিং হলান্ডের মতো তারকাদের উত্থানের মঞ্চ এই অনূর্ধ্ব-২০ বিশ্বকাপে এবার জায়গা করে নিল নতুন এক নাম—ইয়াসির জাবিরি, মরক্কোর ফুটবলের নতুন নায়ক।